# লাল সিংহ হান্ডা পরিবারের দুর্গাপূজা



## শুভারম্ভ - ১৮৪১

১৮৩ বছরে পদার্পণ

বর্ধমান (অধুনা পশ্চিম বর্ধমান) জেলার প্রাচীন বনেদি বাড়ির দুর্গাপূজাগুলির মধ্যে লাল সিংহ হান্ডা পরিবারের এই দুর্গাপূজা অন্যতম। জমিদারি না থাকলেও বংশের উত্তরসূরীদের তত্ত্বাবধানে এই পূজা ধুমধাম পূর্বক সম্পূর্ণ বিধিসম্মত ভাবে পালিত হয়।

এই পূজার সূচনা হয় ইং ১৮৪১ সালে। ১৮৩ বছরের এই পূজা শুরু করেন এই হান্ডা বংশেরই পূর্বপুরুষ স্বর্গীয় শম্ভুনাথ হান্ডা। একমাত্র কন্যার অকাল প্রয়াণে শোকার্ত শম্ভুনাথ মা দুর্গাকে বরণ করে আনেন এই আশায় যেন আর কখনও কন্যাহারা না হতে হয়। তদ্‌যাবৎ উত্তরসূরীরা কন্যারূপিনী মা-কে প্রতি বছর নতুন করে বরণ করেন।

মৃত্তিকা নির্মিত এক চালার প্রতিমা ডাকের সাজ এবং স্বর্ণ-রৌপ্য অলঙ্কার ও অস্ত্রাদিতে সুসজ্জিত হয়ে বিরাজিত হন। সম্পূর্ণ বৈষ্ণব মতে বিধিসম্মত এই পূজার বৈশিষ্ট্য হল যে কোন প্রকার বলিদান নিষিদ্ধ। এতদুপলক্ষ্যে পরিবারের স্থানীয় ও প্রবাসী সকল সদস্যরা একত্র হয়ে পুজোর ক'দিন মায়ের আরাধনায় আনন্দে মেতে ওঠেন। বিজয়া দশমীর দিনে প্রথা অনুযায়ী পরিবারের প্রবীনতম পুরুষ মা-কে বরণ এবং আরতি করে পতিগৃহের উদ্দেশ্যে যাত্রা করান।

।। শ্রী শ্রী দুর্গামাতা সহায় ।।

উখড়া লাল সিংহ হান্ডা পরিবারের
১৮৩ বছরের প্রাচীন দুর্গাপূজা উপলক্ষ্যে
আপনাদের সকলকে সাদর আমন্ত্রণ
জানিয়ে আমরা গৌরবান্বিত বোধ করছি।

পূজারম্ভ ২রা কার্তিক, ১৪৩০ সন
ইং ২০ অক্টোবর, ২০২৩
হইতে
৬ই কার্তিক, ১৪৩০ সন
ইং ২৪ অক্টোবর, ২০২৩ পর্যন্ত



**লাল সিংহ হান্ডা পরিবার, উখরা**

পোঃ উখরা (৭১৩৩৬৩), জেলা - পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ

www.ukhrajamidarbari.com
RSVP : 9831160310 / 9932444154 / 9051081115

# শ্রী শ্রী শারদীয়া দুর্গাপূজার সময় নির্ঘন্ট

**ষষ্ঠী** ২রা কার্ত্তিক, ১৪৩০ ইং ২০-১০-২৩ শুক্রবার। শ্রী শ্রী দূর্গাষষ্ঠী - রাত্রি ৭।১৯ মিঃ। সন্ধ্যা ৬।৩০মিঃ গতে দেবীর আমন্ত্রণ, অধিবাস এবং বিল্ববরণ পরে আরতি।

**সপ্তমী** ৩রা কার্ত্তিক, ১৪৩০ ইং ২১-১০-২৩ শনিবার। শ্রী শ্রী দূর্গাসপ্তমী রাত্রি ৭।১৯মিঃ । প্রাতঃ ৭।৪ মিঃ গতে দেবীর মহাস্নান আরম্ভ। দিবা ৮।৩০মিঃ গতে অষ্টকলস স্নান, পরে নবপত্রিকা প্রবেশ, ঘটস্থাপন ও বিহিত পূজা প্রশস্তা। সন্ধ্যায় আরতি।

**অষ্টমী** ৪ঠা কার্ত্তিক, ১৪৩০ ইং ২২-১০-২৩ রবিবার। শ্রী শ্রী মহাষ্টমী সন্ধ্যা ৫।১৬। ৫৭সেঃ। দিবা ৮।০০টা গতে মহাষ্টমী বিহিত পূজারম্ভ এবং জ্যোৎবালিয়া। বেলা ১১।৩০মিঃ গতে পুষ্পাঞ্জলি, পরে আরতি।

পুনঃ সন্ধ্যা ৪।৫২।৫৭ গতে সন্ধিপূজারম্ভ। সন্ধ্যা ৫।১৬।৫৭ গতে তোপধ্বনি ও আরতি। সন্ধ্যা ৫।৪০।৫৭ মধ্যে সন্ধিপূজা সমাপন।

**নবমী** ৫ই কার্ত্তিক, ১৪৩০ ইং ২৩-১০-২৩ সোমবার। শ্রী শ্রী মহানবমী ঘঃ ৩।২ মিঃ। সকাল ৮।৩০মিঃ গতে মহানবমী বিহিত পূজারম্ভ। পরে আরতি। বেলা ১১।৪৫মিঃ গতে 'সপ্তশতি' হোমারম্ভ। দ্বিপ্রহর ১।৫৫ মিঃ সময়ে পূর্ণাহুতি।

**দশমী** ৬ই কার্ত্তিক, ১৪৩০ ইং ২৪-১০-২৩ মঙ্গলবার। শ্রী শ্রী বিজয়াদশমী ঘঃ ১২।৪১মিঃ। দিবা ৮।৩০মিঃ গতে বিজয়া দশমী বিহিত পূজারম্ভ এবং অপরাজিতা পূজা। পূজা সমাপনান্তে বেলা ১০।১৫ মিঃ গতে বিসর্জন। পরে দূর্গানাম লিখন, শান্তিদান, আশীর্বাদ। দিবা ১১।১৫মিঃ গতে প্রদীপ ''রামচন্দ্রজীউ'' মন্দিরে প্রবেশ। সন্ধ্যায় প্রতিমা নিরঞ্জন।